গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
ঝিকরগাছা, যশোর।

পত্র নং-৩৩.০২.৪১২৩.৫০১.৩৬.০১৭.১৫-৪১ তারিখ ঃ ০৯/১২/২০২১

## নোটিশ

এতদ্বারা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সকল সদস্যকে জানানো যাচ্ছে যে, আগামী ১২/১২/২০২১ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় মোঃ সেলিম রেজা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর এর সভাপতিত্বে তাঁর সভা কক্ষে মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির এক সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(এস,এম,শাহজাহান সিরাজ)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ঝিকরগাছা, যশোর।
ও
সদস্য সচিব।

পত্র নং-৩৩.০২.৪১২৩.৫০১.৩৬.০১৭.১৫-৪১ তারিখ ঃ ০৯/১২/২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
০২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।
০৩। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।
০৪। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
০৫। চেয়ারম্যান, বাঁকড়া/ গদখালী ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর।
০৬। অফিস কপি

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ঝিকরগাছা, যশোর।

# মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ সেলিম রেজা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
স্থানঃ ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ, ঝিকরগাছা, যশোর।
সময় ঃ সকাল- ১১.০০
তারিখঃ ১২ /১২/২০২১

সদস্যবৃন্দের উপস্থিতি (পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। পূর্ববর্তী সভার অগ্রগতি বিষয়ে সভায় উপস্থাপন করা হয়। সভাপতি সদস্য সচিবকে আলোচ্য সূচি উপস্থাপনের জন্য অনুরোধ করেন। অতঃপর উপস্থাপিত আলোচ্যসূচি পর্যালোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কার্যক্রমের সুপারিশ করা হয়।

০১। ছুটিপুর বাজারে খুচরা মাছ বিক্রয়ের জন্য শেড নির্মানঃ
ছুটিপুর বাজারে অস্বাস্থ্যকর পরিবেশে খুচরা মাছ বিক্রয় করা হয়। কারণ মাছ বিক্রয়ের স্থায়ী কোন শেড নাই। মাছ বাজারটি উন্নয়ন/ স্থাপন করা প্রয়োজন।

সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের অর্থায়নে ছুটিপুর মাছ বাজারে খুচরা বিক্রয়ের জন্য স্থায়ী শেড নির্মান করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্পটি গ্রহন করার জন্য সুপারিশ করা হলো।

০২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে মৎস্যচাষী প্রশিক্ষণঃ
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর এর উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ( জাইকা) অর্থায়নে মৎস দপ্তরের সক্ষমতা বৃদ্ধিমূলক মৎস্যচাষিদের নিয়ে মাছ চাষের উপর ৪ ব্যাচে ১৪০জন মৎস্যচাষী প্রশিক্ষণ প্রদান।

সিদ্ধান্তঃ প্রকল্পটি গ্রহন ও অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

<u>প্রাণিসম্পদ বিভাগ</u>

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, সকলের সম্মিলিত প্রচেষ্টা ও সহযোগিতায় ইতিমধ্যে আমরা ঈদ উল আজহা সফলভাবে সম্পন্ন করতে পেরেছি। এজন্য সকলকে ধন্যবাদ জানাই।এই কোরবানীটি সম্পূর্ণ দেশী গরুর মাধ্যমে সম্পূর্ণ হয়েছে। উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের নিবীড় পর্যবেক্ষন ও অবহিত করনের মাধ্যমে প্রতিটি খামারে কড়া নজরদারীর কারনে এবার ঈদে দেশী গরু ও নিরাপদ মাংস দ্বারা কোরবানীর চাহিদা পূরণ করা সম্ভব হয়েছে।এবার ঈদে অন্যান্য বছরের তুলনায় দেশী গরুর খামারীরা যথেষ্ঠ লাভবান হয়েছে। যা দেশের আত্ম সামাজিক উন্নয়ন ও কর্মসংস্থান এবং দারিদ্র বিমোচনে ভুমিকা রেখে চলেছে। এ ধারাবাহিকতা বজায় রাখার জন্য আগামীতেও দেশীও গরুর মাধ্যমে কোরবানীর চাহিদা পূরণ করার জন্য মানুষের প্রাণিজ আমিষের চাহিদা পূরনের লক্ষ্যে গ্রাম ভিত্তিক খামার স্থাপন ঘাস চাষ, কৃমি মুক্ত করনের মাধ্যমে গবাদিপশুর মাংস বৃদ্ধি নিশ্চিত করন এবং গাভীর প্রজনন পরবর্তী সময়ে করনীয় বিষয়ে উঠান বৈঠকের মাধ্যমে জনগনকে সচেতন করে তোলা হচ্ছে। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগন এবং জনপ্রতিনিধির সার্বিক সহযোগিতা কামনা করা হচ্ছে। এ ছাড়া তিনি জানান তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

<u>গবাদি প্রাণির কৃমি মুক্ত করণ</u>

উপজেলায় প্রায় একলক্ষ গরু আছে। প্রতি বছর কৃমির কারনে অনেক গরু মারা যায়। চাষীদের উদ্বুদ্ধ করার জন্য নমুনা হিসেবে কৃমি মুক্তকরণ কার্যক্রম গ্রহন করা যায়।

সিদ্ধান্ত ঃ নমুনা হিসেবে উপজেলার প্রতিটি ইউনিয়নে একটি করে গ্রামে দরিদ্র কৃষকের গরুর কৃমিমুক্তকরণ প্রকল্প বাজেট বরাদ্দ স্বাপেক্ষে গ্রহন করা যেতে পারে। প্রকল্পটি বাস্তবায়নের জন্য উপজেলা সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।

প্রাণিসম্পদ দপ্তরের ক্যাম্পাসে পানি নিষ্কাশন প্রসংগে।

উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের ক্যাম্পাসে প্রতি বছর বর্ষা মৌসুমে জলাবদ্ধতা সৃষ্টি হয়।উল্লেখিত ক্যাম্পাসের পানি নিষ্কাশনের জন্য পৌরসভার ড্রেনের সাথে ক্যাম্পাসের ড্রেনের একটি সংযোগ থাকলে জলাবদ্ধতা কিছুটা কমবে বলে ধারনা করা যায়। পানি নিষ্কাশনের জন্য একটি ড্রেন নির্মাণ আবশ্যক।

সিদ্ধান্ত ঃ প্রকল্প গ্রহনের মাধ্যমে পানি নিষ্কাশন ড্রেন নির্মাণের জন্য সুপারিশ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

( মোঃ সেলিম রেজা)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
ও
সভাপতি
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি।

পত্র নং-৩৩.০২.৪১২৩.৫০১.৩৬.০১৭.১৫- ৪২ তারিখঃ ১২ /১২/২০২১

সদয় অবতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো

১১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
১২. উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।
১৩. উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ঝিকরগাছা, যশোর।
১৪. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
১৫. চেয়ারম্যান, বাঁকড়া/ গদখালী ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর।

(এস এম শাহজাহান সিরাজ)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ঝিকরগাছা, যশোর।
সদস্য সচিব।